

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনোরা,

বছরের শুরুতে আপনারা শিখেছিলেন কীভাবে আঙ্কিক আদল (প্যাটার্ন) চিনতে হয় ও তাদের বিষয়ে নিয়ম তৈরী করতে। নিচে ১ম অধ্যায় থেকে সেই রকম কিছু আদল দেওয়া হল।

রাশি ১

রাশি ২

রাশি ৩

রাশি ৪

প্রতিটি পরবর্তী রাশিতে একটি করে বর্গক্ষেত্র বাড়ছে এবং তা তিনটি টুথপিক দিয়ে তৈরী হচ্ছে। তাই পরবর্তী রাশির ক্ষেত্রে একটি নিয়ম যা আমরা দেখতে পাচ্ছি তা হল :

$$\text{টুথপিকের সংখ্যা} = ৩ \times (\text{পদ সংখ্যা}) + ১$$

এই নিয়ম ব্যবহার করে কি আপনারা বলতে পারবেন ৫ নম্বর রাশিতে কতগুলি টুথপিক থাকবে?

এই অধ্যায়ে আপনারা শিখবেন আদলের নিয়ম বার করার ছোট ও কার্যকরী পদ্ধতি – বীজগণিতের জরুরী ও প্রাথমিক বিষয়। যে রাশির বদল ঘটে তাকে বলা হয় *চলরাশি*। যেমন উপরের ক্ষেত্রে পদ সংখ্যা একটি চলরাশি, কারণ এটি পদের নম্বরের সঙ্গে সঙ্গে বদলায়। যদি t টুথপিকের সংখ্যা বোঝায় আর n পদের সংখ্যা, তাহলে আমাদের বীজগণিতিক নিয়মটি হবে এই রকম $t = ৩ \cdot n + ১$ ।

এছাড়াও আমরা দৈনন্দিন জীবনে প্রয়োজ্য নিয়মগুলিও দেখব। যেমন একটি ফোনের কোম্পানী মাসে ৩ ডলার নেয় সঙ্গে প্রতিটি ফোন-কলের জন্য ১ মিনিটে ০.০৭ ডলার নেয়। এই ব্যাপারটিকে বোঝার একটি উপায় হচ্ছে একটি সারণি তৈরী করা, যেমন নিচে দেওয়া হল।

মাস	জুন	জুলাই	অগাস্ট	সেপ্টেম্বর	অক্টোবর
মিনিট	120	90	95	150	80
খরচ	ডলার 11.40	ডলার 9.30	ডলার 9.65	ডলার 13.50	?

এছাড়াও আপনারা একটি নিয়ম বের করতে পারেন m চলরাশিটিকে ব্যবহার করে, যেটি বোঝাবে মিনিটের সংখ্যা ও c চলরাশিটিকে ব্যবহার করে, যেটি বোঝাবে খরচ। এই নিয়মটিকে – $c = \$০.০৭ \cdot m + \৩.০০ ব্যবহার করে আপনারা কি অক্টোবর মাসের ফোনের বিল কত হবে তা বার করতে পারবেন কি ?

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আগামী কিছু সপ্তাহে, বাস্তব জীবনে এইরকম ব্যবহারের দিকে লক্ষ্য রাখুন, যেমন m সিনেমা টিকিটের দাম বা c সি-ডির দাম কত হবে। আপনার ছাত্র/ছাত্রীদের বলুন প্রতিটি ক্ষেত্রে একটি নিয়ম বার করতে।